# Monthly Motivational
## E-CALENDAR

RAMAKRISHNA
MISSION
VIDYAMANDIRA

RELEASED BY PLACEMENT AND
CAREER COUNSELING CELL

## February 2025

| Sun | Mon | Tue | Wed | Thu | Fri | Sat |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | 1 |
| 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 |
| 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 |
| 16 | 17 | 18 | 19 | 20 | 21 | 22 |
| 23 | 24 | 25 | 26 | 27 | 28 | |

Go to our Courses
and Programmes



RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

February


01

Saturday

“নিজের ভিতর উৎসাহাগ্নি প্রজ্বলিত কর, আর চারিদিকে বিস্তার করিতে থাকো। উঠিয়া পড়িয়া কাজে লাগো। নেতৃত্ব করিবার সময় সেবকভাবাপন্ন হও, নিঃস্বার্থপর হও; আর একজন গোপনে অপরের নিন্দা করিতেছে, তাহা শুনিও না। অনন্ত ধৈর্য ধরিয়া থাকো, সিদ্ধি তোমার করতলে।”

**SWAMI VIVEKANANDA**




RAMAKRISHNA
MISSION
VIDYAMANDIRA
February
02
Sunday
Sri Sri
Saraswati Puja
“যে যে তাঁর সেবার জন্য—তাঁর সেবা নয়—তাঁর ছেলেদের—গরীব-গুরবো, পাপী-তাপী, কীট-পতঙ্গ পর্যন্ত, তাদের সেবার জন্য যে যে তৈরী হবে, তাদের ভেতর তিনি আসবেন—তাদের মুখে সরস্বতী বসবেন, তাদের বক্ষে মহামায়া মহাশক্তি বসবেন।”
SWAMI VIVEKANANDA
Janmatithi of
Swami Trigunatitananda

RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

February
03
Monday

“যিনি হুকুম তামিল করিতে জানেন, তিনিই হুকুম করতে জানেন। প্রথমে আজ্ঞাবহতা শিক্ষা করো। ..... আমরা সকলেই হমবড়া, তাতে কখনও কাজ হয় না, মহা উদ্যম, মহা সাহস, মহাবীর্য এবং সকলের আগে - মহতি আজ্ঞাবহতা - এই সকল গুণ ব্যক্তিগত ও জাতিগত উন্নতির একমাত্র উপায়।”

SWAMI VIVEKANANDA



**RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA**

**February**
# 04
**Tuesday**

“ঐ যে কানে কানে গুজোগুজি করা—তা মহাপাপ বলে জানবে, ঐটা ভায়া, একেবারে ত্যাগ দিও। মনে অনেক জিনিস আসে, তা ফুটে বলতে গেলেই ক্রমে তিল থেকে তাল হয়ে দাঁড়ায়। গিলে ফেললেই ফুরিয়ে যায়।”

**SWAMI VIVEKANANDA**



**RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA**

**February**
**05**
**Wednesday**

"মানুষ গড়িবার নূতন প্রণালী অবলম্বন করিতে হইবে। মানুষ তাহাকেই বলা যায়— যে এত বলবান যে, তাহাকে শক্তির অবতার বলা যাইতে পারে, আবার যাহার হৃদয়ে নারীসুলভ কোমলতা আছে, কিন্তু তাহা দুর্বলতা নয়। তোমাদের চারিদিকে যে কোটি কোটি প্রাণী রহিয়াছে, তাহাদের জন্য যেন তোমাদের হৃদয় কাঁদে, অথচ তোমাদিগকে দৃঢ়চিত্ত হইতে হইবে।"

**SWAMI VIVEKANANDA**




RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

February
06
Thursday

“আমি পুরুষ বা স্ত্রী, দুর্বল বা সবল, সুস্থ বা অসুস্থ, আমি অমুককে ঘৃণা করি বা অমুকে ভালোবাসি, আমার ক্ষমতা অল্প বা আমার শক্তি অনেক — এগুলি ভ্রমমাত্র। এই-সব ভাব ছাড়িয়া দাও। কিসে তোমাকে দুর্বল করিতে পারে? কিসে তোমাকে ভীত করিতে পারে? একমাত্র তুমিই জগতে বিরাজ করিতেছ। কিসে তোমাকে ভয় দেখাইতে পারে। অতএব উঠ, মুক্ত হও। জানিয়া রাখো, যে-কোনো চিন্তা বা বাক্য আমাদিগকে দুর্বল করে, একমাত্র তাহাই অশুভ ; তাহাই পরিহার করিতে হইবে।”

SWAMI VIVEKANANDA




**RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA**

**February**
**07**
**Friday**

“অতিরিক্ত ভাবপ্রবনতা কর্মের পক্ষে অনিষ্টকর। ‘বজ্রের মতো দৃঢ় অথচ কুসুমের মতো কোমল’ - এটিই হচ্ছে সার নীতি।”

**SWAMI VIVEKANANDA**




RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
February
08
Saturday
"চালাকির দ্বারা কোনো মহৎ কার্য হয় না। প্রেম, সত্যানুরাগ ও মহাবীর্যের সহায়তায় সকল কার্য সম্পন্ন হয়। সুতরাং পৌরুষ প্রকাশ কর।"
SWAMI VIVEKANANDA
Belur Math, Howrah, West Bengal, Pin - 711202
vidyamandiraonline.in
facebook.com/RKMVidyamandira


**RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA**

**February**
**09**
**Sunday**

"শাস্ত্র আমাদিগকে অবিরত কর্ম করিতে বলিতেছেন। শুভাশুভ উভয়ই নিজ নিজ ফল প্রসব করিবে। শুভ কর্মের ফল শুভ, অশুভ কর্মের ফল অশুভ হইবে, কিন্তু এই শুভাশুভ উভয়ই আত্মার বন্ধন। গীতায় ইহার এই মীমাংসা করা হইয়াছে যে, যদি আমরা কর্মে আসক্ত না হই, তবে কর্ম আমাদের বন্ধন হইতে পারিবে না।"

**SWAMI VIVEKANANDA**





RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
February
10
Monday
“উন্নতিলাভের একমাত্র উপায় : আমাদের হাতে যে কর্তব্য রহিয়াছে, তাহা অনুষ্ঠান করিয়া ধীরে ধীরে শক্তি সঞ্চয় করা এবং ক্রমশঃ অগ্রসর হওয়া, যে পর্যন্ত না আমার সেই সর্বোচ্চ অবস্থায় উপনীত হইতে পারি।”
SWAMI VIVEKANANDA
Belur Math, Howrah, West Bengal, Pin - 711202
vidyamandiraonline.in
facebook.com/RKMVidyamandira

RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

February
11
Tuesday

"এস, আমরা কেবল কাজ করিয়া যাই। যে-কোন কর্তব্য আসুক না কেন, তাহা যেন আমরা সাগ্রহে করিয়া যাইতে পারি। সর্বদাই যেন কর্তব্য সম্পাদনের জন্য সর্বান্তঃকরনে প্রস্তুত থাকিতে পারি। তবেই আমরা নিশ্চয়ই আলোক দেখিতে পাইব।"

SWAMI VIVEKANANDA



**RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA**

**February**
**12**
**Wednesday**

“যে গ্রহণ করে, সে ধন্য হয় না, যে দান করে, সেই ধন্য হয়। তুমি যে তোমার দয়া ও করুণাশক্তি জগতে প্রয়োগ করিয়া নিজেকে পবিত্র ও সিদ্ধ করিতে সমর্থ হইতেছ, এইজন্য তুমি কৃতজ্ঞ হও। সব ভাল কাজই আমাদিগকে পবিত্র ও সিদ্ধ হইতে সহায়তা করে।”

**SWAMI VIVEKANANDA**



- Janmatithi of Swami Adbhutananda

**RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA**

February
# 13
Thursday

“কোন কিছুর সহিত নিজেকে জড়াইও না। মনকে মুক্ত রাখো। যাহা কিছু দেখিতেছ, দুঃখ- কষ্ট, সবই জগতের অপরিহার্য পরিবেশ মাত্র; দারিদ্র্য ধন ও সুখ ক্ষণস্থায়ী, উহারা মোটেই আমাদের স্বভাবগত নয়।”

**SWAMI VIVEKANANDA**



RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

February

14

Friday

"ভক্তির এমনই মাহাত্ম্য যে, ভক্তি নিজেই মনকে অনেক পরিমাণে শুদ্ধ করিয়া দেয়। তুমি যে-কোনো ধর্ম সম্বন্ধে বিচার করিয়া দেখ না, দেখিবে—সকল ধর্মেই ভক্তির প্রাধান্য এবং সকল ধর্মেই বাহ্য ও অভ্যন্তর শৌচের আবশ্যকতা স্বীকার করিয়া থাকে।"

SWAMI VIVEKANANDA



**RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA**

**February**
**15**
**Saturday**

“যারা জগতে সবচেয়ে সাহসী ও বরেণ্য , তাঁদের চিরদিন ‘বহুজনহিতায় বহুজনসুখায়’ আত্মবিসর্জন করতে হবে। অনন্ত প্রেম ও করুণা বুকে নিয়ে শত শত বুদ্ধের আবির্ভাব প্রয়োজন।”

**SWAMI VIVEKANANDA**




**RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA**

February
**16**
Sunday

"পরার্থে এতটুকু কাজ করলে ভেতরের শক্তি জেগে ওঠে। পরের জন্য এতটুকু ভাবলে ক্রমে হৃদয়ে সিংহবলের সঞ্চার হয়।"

**SWAMI VIVEKANANDA**



RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

February
17
Monday

"আমি ঈশ্বরকে বিশ্বাস করি, মনুষকে বিশ্বাস করি, দুঃখী দরিদ্রকে সাহায্য করা, পরের সেবার জন্য নরকে যাইতে প্রস্তুত হওয়া - আমি খুব বড় কাজ বলিয়া বিশ্বাস করি।"

SWAMI VIVEKANANDA




RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

February
18
Tuesday


"তোমরা কি মানুষকে ভালোবাস? ঈশ্বরের অন্বেষণে কোথায় যাইতেছ? দরিদ্র, দুঃখী, দুর্বল -- সকলেই কি তোমার ঈশ্বর নহে? অগ্রে তাহাদের উপাসনা কর না কেন? গঙ্গাতীরে বাস করিয়া কূপ খনন করিতেছ কেন? প্রেমের সর্বশক্তিমত্তায় বিশ্বাস কর।"

**Swami Vivekananda**






Belur Math, Howrah, West Bengal, Pin - 711202 vidyamandiraonline.in facebook.com/RKMVidyamandira


RAMAKRISHNA
MISSION
VIDYAMANDIRA
February
20
Thursday
“যদি বিভিন্ন দেশের ইতিহাস তুলনা করা যায়, তবে দেখা যাইবে, এই সহিষ্ণু নিরীহ হিন্দুজাতির নিকট পৃথিবী যত ঋণী, আর কোনো জাতির নিকট ততটা নহে।”
SWAMI VIVEKANANDA
Belur Math, Howrah, West Bengal, Pin - 711202
vidyamandiraonline.in
facebook.com/RKMVidyamandira

**RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA**

**February**

**21**

**Friday**

“রাজনীতিক বা সামরিক শ্রেষ্ঠতা কোনো কালে আমাদের জাতীয় জীবনোদ্দেশ্য নহে - কখনও ছিলও না, আর জানিয়া রাখুন কখনও হইবেও না।”

**SWAMI VIVEKANANDA**



RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

**February**
# 22
**Saturday**

- World Thinking Day

"আমাদিগকে ত্যাগের আদর্শ অবলম্বন করিতেই হইবে। প্রাচীনকালে এই ত্যাগ সমগ্র ভারতকে জয় করিয়াছিল, এখনও এই ত্যাগই আবার ভারতকে জয় করিবে। এই ত্যাগ এখনও ভারতীয় সকল আদর্শের মধ্যে শ্রেষ্ঠ ও গরিষ্ঠ।"

**SWAMI VIVEKANANDA**



**RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA**

**February**
**23**
**Sunday**

- World Peace and Understanding Day

"আমার মনে হয়, দেশের জনসাধারণকে অবহেলা করাই আমাদের প্রবল জাতীয় পাপ এবং তাহাই আমাদের অবনতির অন্যতম কারণ। যতদিন না ভারতের সর্বসাধারণ উত্তমরূপে শিক্ষিত হইতেছে, উত্তমরূপে খাইতে পাইতেছে, অভিজাত ব্যক্তিরা যতদিন না তাহাদের উত্তমরূপে যত্ন লইতেছে, ততদিন যতই রাজনীতিক আন্দোলন করা হউক না কেন, কিছুতেই কিছু হইবে না।"

**SWAMI VIVEKANANDA**




RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

February
24
Monday

“নিজেরা কিছু করে না এবং অপরে কিছু করিতে গেলে ঠাট্টা করে উড়িয়ে দেয় - সেই দোষেই আমাদের জাতের সর্বনাশ হইয়াছে। হৃদয়হীনতা, উদ্যমহীনতা সকল দুঃখের কারন। অতএব ঐ দুটি পরিত্যাগ করিবে।”

SWAMI VIVEKANANDA




RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
February
25
Tuesday
“চাই পূর্ণ সরলতা, পবিত্রতা, বিরাট বুদ্ধি এবং সর্বজয়ী ইচ্ছাশক্তি। এই সকল গুণসম্পন্ন মুষ্টিমেয় লোক যদি কাজে লাগে, তবে দুনিয়া ওলটপালট হইয়া যায়।”
SWAMI VIVEKANANDA


RAMAKRISHNA
MISSION
VIDYAMANDIRA

February
26
Wednesday

- Maha Shiva Ratri

“যখন তোমরা শুধু তাঁহাকে শিবলিঙ্গ নয়—সর্বত্র দেখিবে, তখনই তোমাদের শিব- ভক্তি এবং তোমাদের শিবদর্শন সম্পূর্ণ হইবে। তিনিই যথার্থ সাধু, তিনিই যথার্থ হরিভক্ত, যিনি সেই হরিকে সর্বজীবে ও সর্বভূতে দেখিয়া থাকেন। যদি তুমি শিবের যথার্থ ভক্ত হও, তবে তুমি তাঁহাকে সর্বজীবে ও সর্বভূতে দেখিবে। যে নামে, যে রূপে তাঁহাকে উপাসনা করা হউক না কেন, তোমাকে বুঝিতে হইবে যে, সব তাঁহারই উপাসনা।”

SWAMI VIVEKANANDA



**RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA**


**February 27 Thursday**

- World NGO Day

"ভারতে দুই মহাপাপ — মেয়েদের পায়ে দলানো, আর 'জাতি জাতি' করে গরীবগুলোকে পিষে ফেলা।"

**SWAMI VIVEKANANDA**




RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
February
28
Friday
National Science Day
“চাই Western Science-এর (পাশ্চাত্য বিজ্ঞানের) সঙ্গে বেদান্ত, আর মূলমন্ত্র—ব্রহ্মচর্য, শ্রদ্ধা আর আত্মপ্রত্যয়।”
SWAMI VIVEKANANDA
Belur Math, Howrah, West Bengal, Pin - 711202
vidyamandiraonline.in
facebook.com/RKMVidyamandira

# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

## Competitive Exam & Skill Enhancement Courses
*by* **RKMVM Placement Cells**























vidyamandiraonline.in | facebook.com/RKMVidyamandira | RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

Belur Math, Howrah, West Bengal, Pin - 711202

# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

## Competitive Exam & Skill Enhancement Courses
*by* **RKMVM Placement Cells**

























vidyamandiraonline.in facebook.com/RKMVidyamandira RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

Belur Math, Howrah, West Bengal, Pin - 711202

# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

## Competitive Exam & Skill Enhancement Courses
## *by* RKMVM Placement Cells

























vidyamandiraonline.in | facebook.com/RKMVidyamandira | RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

Belur Math, Howrah, West Bengal, Pin - 711202

# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

## Competitive Exam & Skill Enhancement Courses *by* RKMVM Placement Cells







